

ভারতে রাষ্ট্রীয় সফরে মায়ানমারের স্টেট কাউন্সিলর (অক্টোবর ১৭-১৯, ২০১৬)

ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে মায়ানমার যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্রের স্টেট কাউন্সিলর মহামান্য আং সান সু কি ভারতে রাষ্ট্রীয় সফর করবেন অক্টোবর ১৭-১৯, ২০১৬। এই রাষ্ট্রীয় সফর হবে ১৬ অক্টোবর গোয়াতে অনুষ্ঠিত ব্রিকস-বিমসটেক শিখর সম্মেলনের অব্যবহিত পরেই, যেখানে স্টেট কাউন্সিলর মায়ানমারের একটি প্রতিনিধি দলকে নেতৃত্ব দেবেন।

স্টেট কাউন্সিলরের সফরসঙ্গী হবেন বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রী এবং উর্ধ্বর্তন কর্মকর্তারা। সফরকালে স্টেট কাউন্সিলর সাক্ষাৎ করবেন ভারতের রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায়ের সঙ্গে এবং বৈঠক করবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি এবং পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজের সঙ্গে। এছাড়াও তিনি একটি বাণিজ্যিক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন এবং তিনি শীর্ষপর্যায়ের ভারতীয় ব্যবসায়ী নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করবেন দ্বিপাক্ষিক অর্থনৈতিক এবং বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদার করার উদ্দেশ্যে।

স্টেট কাউন্সিলরের এই সফর দু'পক্ষের স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনার সুযোগ করে দেবে এবং দু'দেশের মধ্যে বিদ্যমান ঘনিষ্ঠ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করার সুযোগ প্রদান করবে।

নয়াদিল্লি

অক্টোবর ১২, ২০১৬